



## ইউআইইউয়ের নতুন ভিসি ড. চৌধুরী মোফিজুর রহমান

রাষ্ট্রপতি ও ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ইউআইইউ) চাকেলের মো. আব্দুল হামিদ বিশ্ববিদ্যালয়ের ভিসি হিসেবে অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমানকে চার বছরের জন্য নিয়োগ দিয়েছেন। চৌধুরী মোফিজুর রহমান ২০০৩ সাল থেকে একই বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি হিসেবে প্ররপর তিনবার দায়িত্ব পালন করেন। ইউআইইউতে যোগ দেয়ার আগে তিনি বুয়েটের কম্পিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক হিসেবে দীর্ঘ ১৫ বছর কর্মরত ছিলেন। এ সময় তিনি কম্পিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় চেয়ারম্যান হিসেবেও দায়িত্ব পালন করেন। বুয়েট থেকে কৃতিত্বের সঙ্গে বিএসপি, এমএসপি শেষ করে চৌধুরী মোফিজুর রহমান মনোবস্থ বৃত্তি নিয়ে জাপানের টোকিও ইলাকাটিউট অব টেকনোলজি থেকে পিএইচডি ডিগ্রি লাভ করেন। এছাড়াও তিনি ইউরোপীয় ইউনিয়নের ১১ মিলিয়ন ইউরো ব্যয়ে পরিচালিত তিনটি প্রকল্পের (ইলিঙ্ক, সিলিঙ্ক ও ফিউশন) যথ্য সমষ্টিকের দায়িত্ব পালন করেন। মেশীয় ও আন্তর্জাতিক জর্নালে তার ১১৯টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়েছে। সংবাদ বিজ্ঞপ্তি